

পত্রাংক নং : ৭৮ / জি / ১৫

তারিখ : ১৭ / ০২ / ১৫

পশ্চিমবঙ্গ
সাব-অর্ডিনেট ইঞ্জিনিয়ারিং
সার্ভিস এ্যাসোসিয়েশন

(পশ্চিমবঙ্গ সরকারের স্বীকৃতি পত্র নং ৩৮৬৫-ই, তারিখ ০৭।১১।৫০)

কেন্দ্রীয় দপ্তর : পি ডব্লিউ ডি অফিস, নীলরতন সরকার হাসপাতাল, কলকাতা-৭০০০১৪

মাননীয়
কর্মচারী বিষয়ক অধিকর্তা তথা পদাধিকারে মুখ্য বাস্তকার,
সেচ ও জলপথ অধিকার,
জলসম্পদ ভবন, লবণহ্রদ, কলকাতা।

বিষয় : সেচ ও জলপথ অধিকারে কর্মরত সাব-এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারদের বাৎসরিক বদলী ২০১৫ প্রসঙ্গে।

পর্যবেক্ষণ : (১) আপনার আদেশনামার স্মারক নং ১৩০(১৪০)-সি.আই.ই.-২টি-০২/২০১৫, তারিখ ২২.০১.১৫।

(২) আপনার আদেশনামার স্মারক নং ২১৩৪(১৪০)-সি.আই.ই.-২টি-০২/২০১৫, তারিখ ১৩.০২.১৫।

(৩) সমিতি প্রদত্ত পত্রের স্মারক নং :

(ক) ৪৭/জি/২০১৪, তারিখ ১৬.১২.১৪, (খ) ৭৫/জি/২০১৫, তারিখ ২৭.০১.২০১৫

এবং (গ) ৭৬/জি/২০১৫, তারিখ ০৫.০২.১৫।

মহাশয়,

অধিকারের পক্ষ থেকে প্রকাশিত দপ্তরে কর্মরত সাব-এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারদের প্রথম সাধারণ বদলী আদেশনামার অসঙ্গতি ও বৈষম্যগুলির প্রতি সমিতির পক্ষ থেকে আপনার দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল। আমাদের প্রধান বক্তব্য ছিল সাব-এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারদের সাধারণ বদলীর যে নীতি দপ্তর কর্তৃক প্রকাশিত হয়েছিল, প্রকাশিত বদলী আদেশনামা তদানুযায়ী হয়নি। বদলী নীতিকে অকার্যকরী করে কর্তৃপক্ষদের মর্জি-মাফিক বদলীর আদেশনামা প্রকাশিত হয়েছে। প্রকাশিত আদেশনামার অসঙ্গতি বা বৈষম্যগুলি দূরীকরণের জন্য আপনার সঙ্গে সমিতির প্রতিনিধিদের বিষয়ে আলোচনা হয়, আমাদের উত্থাপিত সকল আপত্তি আপনিও নস্যৎ করতে পারেন নি। আদেশনামার বৈষম্যগুলিকে সংশোধনের জন্য আমরা সমিতির পক্ষ থেকে সুনির্দিষ্ট সুপারিশও করেছিলাম।

কিন্তু অত্যন্ত বিস্ময়ের সঙ্গে আমরা লক্ষ্য করলাম যে, প্রথমোক্ত আদেশনামা সংশোধিত রূপে দ্বিতীয় আদেশনামাটি (আপনার স্মারক নং ২১৩৪(১৪০)-সি.আই.ই.-২টি-০২/২০১৫, তারিখ ১৩.০২.১৫) পূর্বের ন্যায় একইভাবে সপ্তাহের শেষ দিনে এবং অফিস ছুটির পর প্রকাশিত হল যা আপনার সঙ্গে সমিতির আলোচনার অনুসারী নয়। এমনকি এটাও লক্ষ্য করলাম আপনার সঙ্গে পূর্বের আলোচনায় কর্মচারীদের বিভিন্ন জ্বলন্ত সমস্যাকে উপেক্ষা করে একটা ক্ষুদ্র অংশের স্বার্থ সুরক্ষা করার মধ্য দিয়ে অভিভাবকের সমস্বার্থ রক্ষার দৃষ্টিভঙ্গী বর্জন করা হয়েছে।

এমতাবস্থায় আপনার সাথে সমিতির প্রতিনিধিদের পুনরায় আলোচনার জন্য দ্রুত একটি দিন ও সময় নির্ধারণের অনুরোধ জানাচ্ছি।


অভিনন্দন সহ,

ভবদীয়,

মাননীয় পক্ষ
২৭/০২
|| সাধারণ সম্পাদক ||

অনুলিপি জরতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো।

১) মাননীয় বিশেষ দায়িত্বপ্রাপ্ত আধিকারিক ও পদাধিকারে সচিব, সেচ ও জলপথ দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার, জলসম্পদ ভবন, লবণহ্রদ, কলকাতা।



মাননীয় পক্ষ
২৭/০২
|| সাধারণ সম্পাদক ||